ভোরের কাগজ

তারিখ ... MAR 1 4 1999 ... ...
পৃষ্ঠা ৮ কলাম ৮

554

ভর্তি বিষয়ক

# চ.বিতে বিবিএ

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বাণিজ্য অনুষদ পরিচালিত সমন্বিত বিবিএ অনার্স কোর্সটিতে চারটি বিভাগ রয়েছে। বিভাগ চারটি হচ্ছে হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, ফাইন্যান্স এবং মার্কেটিং। প্রতিটি বিভাগে আসন সংখ্যা ১০০। ইতিমধ্যে পত্রিকায় বিজ্ঞাপন দিয়ে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার সার্কুলার জারি করা হয়েছে। ভর্তি ফরম দেবে এ মাসের ১৫ তারিখ থেকে। ফরম দেওয়া হবে আগামী ১৫/৪/৯৯ পর্যন্ত। ফরম জমা দেওয়ার শেষ তারিখ ১৮/৪/৯৯।

*ভর্তির যোগ্যতা*

ভর্তি প্রার্থীকে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এসএসসি/দাখিল অথবা সমমান পরীক্ষায় ১৯৮৫ সাল হতে ১৯৯৬ সালের মধ্যে উত্তীর্ণ হতে হবে এবং ১৯৯৭ বা ১৯৯৮ সালে কমপক্ষে দ্বিতীয় বিভাগে এইচএসসি/আলিম অথবা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

*ভর্তি পরীক্ষা*

উচ্চ মাধ্যমিক বিজ্ঞান গ্রুপের পরীক্ষার্থীদের জন্য-'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ২৪ এপ্রিল ৯৯ এবং উচ্চ মাধ্যমিক কলা ও বাণিজ্য গ্রুপের/ডিপ্লোমা-ইন-কমার্স/ব্যবসার প্রশাসন/অর্থনীতি বিষয়সহ গার্হস্থ্য অর্থনীতি শাখার পরীক্ষার্থীদের জন্য 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৩ মে '৯৯।

পরীক্ষার সময় ৩ ঘন্টা। সকাল ১০টায় শুরু হয়ে শেষ হবে দুপুর ১টায়।

*প্রশ্নের মান বণ্টন*

বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থীদের জন্য বাংলা-২০, ইংরেজি-২০ এবং গণিত-৬০ নম্বরে পরীক্ষা হবে। বাণিজ্য বিভাগের ছাত্রছাত্রীদের জন্য বাংলা-২০, ইংরেজি-২০, হিসাবরক্ষণ ও হিসাব বিজ্ঞান-২০, কারবার পদ্ধতি ও বাণিজ্য লিপি ও ব্যাংকিং-২০, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল-২০।

কলা/আলিম সমমান পরীক্ষার্থীদের জন্য বাংলা-২০, ইংরেজি-২০ এবং অর্থনীতি-৬০ নম্বরে পরীক্ষা হবে।

*কিভাবে প্রস্তুতি নেবেন*

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বর্তমানে আন্তর্জাতিক সিলেবাস অনুসরণ করছে। নিচে বিশ্ববিদ্যালয়ের কয়েকজন স্বনামধন্য শিক্ষক ও বিশ্ববিদ্যালয়ে বিগত বছরগুলোতে চান্সপ্রাপ্ত কয়েকজন মেধাবী ছাত্রছাত্রীর সঙ্গে আলোচনা করে বিষয় ভিত্তিক প্রস্তুতির একটা ধারণা দেওয়া হলো।

**বাংলা :** ভাবসম্প্রসারণ, অনুবাদ, বাগধারা, এক কথায় প্রকাশ, কারক ও বিভক্তি, সমাস, প্রকৃতি ও প্রত্যয়, শুদ্ধ পরীক্ষা, ব্যাকরণবিষয়ক যেকোনো



সংজ্ঞা যা টিকা হিসেবে আসতে পারে ইত্যাদি পড়তে হবে।

**ইংরেজি :** যেকোনো বিষয়ের উপর *Paragraph* আসতে পারে। তবে সাম্প্রতিক বিষয়, ঘটনাগুলো অধিক দেখতে হবে। Translate into English, correction, Phrases idioms, Appropriate Preposition বেশি করে পড়তে হবে, Changing Sentence-এ Voice Narration, Gerund, Article ইত্যাদি আসতে পারে। প্রায় পরীক্ষায় যেকোনো বিষয়ে একটি Letter থেকে থাকে। সুতরাং, বিভিন্ন বিষয়ে Letter লেখার অনুশীলন করতে হবে।

**গণিত :** জটিল রাশিমালা, নির্ণয়ক, বিন্যাস, সমাবেশ, দ্বিপদী উপপাদ্য, ক্যালকুলাস, ইনটিগ্রেশন, মান নির্ণয় ইত্যাদি ভালো করে অনুশীলন করতে হবে।

**হিসাবরক্ষণ ও হিসাব বিজ্ঞান :** জাবেদা, প্রকৃত জাবেদা, খতিয়ান, খুচরা নগদান বহি, তিনঘরা নগদান, রেওয়ামিল, এক তরফা দাখিলা পদ্ধতি, ব্যাংক সমন্বয়ী বিবরণী, শেয়ার ইস্যু, বিনিময় বিল, অব্যবসায়ী হিসাব, Final Account (এক মালিকানা, কোম্পানি উভয়ই) করতে হবে। এদের মধ্য হতে যেকোনো দুইটি অংক আসতে পারে। এছাড়া বিভিন্ন পার্থক্য, সংজ্ঞা আসতে পারে, বড়ো প্রশ্নগুলো সংক্ষিপ্ত প্রশ্ন হিসেবে আসতে পারে।

**কারবার পদ্ধতি, বাণিজ্য লিপি ও ব্যাংকিং :** বিভিন্ন কারবারের বৈশিষ্ট্য, সুবিধা-অসুবিধা, পার্থক্য, গঠন প্রণালী, প্রকারভেদ, নীতি ইত্যাদি বিষয়ের উপর ছোট বড়ো প্রশ্ন আসতে পারে। কারবার সংক্রান্ত শব্দের বিশ্লেষণ আসতে পারে। বিভিন্ন পত্র লেখা, তাদের মধ্যকার প্রকারভেদ, বৈশিষ্ট্য, প্রয়োজনীয়তা ইত্যাদি আসতে পারে।

ব্যাংকিং-এর ক্ষেত্র বিভিন্ন ব্যাংকের বৈশিষ্ট্য, কার্যাবলী, সুবিধা-অসুবিধা, পার্থক্য, সম্পর্ক, চেক ও তার প্রকারভেদ, মুদ্রার মান, কেন্দ্রীয় ব্যাংক ইত্যাদির উপর ছোট বড়ো প্রশ্ন, টিকা লিখন থাকবে, সুতরাং যাবতীয় খুটিনাটি বিষয় পড়তে হবে।

**অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল :** অর্থনীতির মৌলিক দিকগুলো, যেমন-চাহিদা, যোগান, উৎপাদন, উপযোগ, বাজার, সংগঠন, মজুরি, সম্পদ, ভূমি ইত্যাদি বিষয়ের উপর ছোট প্রশ্ন, সংজ্ঞা, পার্থক্য আসতে পারে। অর্থনীতির ক্ষেত্রে অনেক প্রশ্নের সঙ্গে চিত্র থাকে। সেক্ষেত্রে চিত্র দিলে ভালো নম্বর পাওয়া সহজ হয়।

ভূগোলের ক্ষেত্রে বিভিন্ন বিষয়ের উপর সংক্ষিপ্ত প্রশ্ন, সংজ্ঞা, পার্থক্য, বৈশিষ্ট্য লিখন, উপাদান, প্রয়োজনীয়তা, গুরুত্ব, অঞ্চল বর্ণনা ইত্যাদি আসতে পারে। চিত্র অনুশীলন করতে হবে।

❑ **ওমর ফারুক রুবেল**